

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়  
সিজিএ ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/সভা-সেমিনার/৪০৩/১০৭৮

তারিখঃ ০৫/০৯/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

সকল হিসাবরক্ষণ অফিসে আইবাস++ এর হিসাবরক্ষণ মডিউল চালুর লক্ষ্যে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে আইবাস++ পাইলটিং করা হয়। উক্ত পাইলটিং ইতোমধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে এবং কয়েকটি হিসাবরক্ষণ অফিসে আইবাস++ Roll-Out করা হচ্ছে। অতএব আইবাস++ এর হিসাবরক্ষণ মডিউল সকল হিসাবরক্ষণ অফিসে চালুর লক্ষ্যে হিসাব রক্ষণ অফিসসমূহে নিম্নলিখিত প্রকৃতি গ্রহণ করা আবশ্যিক :

(ক) বেতন নির্ধারণী ডাটাবেজ ও আইবাস ++ এ যাহেতু জাতীয় পরিচয়পত্র নম্বর কর্মকর্তাগণের আইডি হিসেবে ব্যবহৃত হবে, সে কারণে self-drawing কর্মকর্তাগণের বেতন এবং অন্যান্য বিলের উপর আইবাস আইডির সাথে সাথে জাতীয় পরিচয়পত্র নম্বর ও লেখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) আইবাস++ এ সরবরাহকারীদের ডাটাবেজ প্রণয়নের ব্যবস্থা রয়েছে, সরবরাহকারীর কোন একটি তথ্য যেমন টিআইএন, জাতীয় পরিচয়পত্র নম্বর বা মোবাইল নম্বরকে আইডি হিসাবে ব্যবহার করা হবে। সরবরাহকারীর বিলে যেন উক্ত তিনটি আইডির কোন একটি উল্লেখ করা হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে।

(গ) একইভাবে পেনশনারদের বিল ও পিপিও বইতে পেনশনারের জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) আইবাস++ এ কর্মকর্তাগণের বেতন বিল পূর্বে সংরক্ষিত তথ্যের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে, যাতে জিপিএফ কর্তন, জিপিএফ ঋণ পরিশোধ, ঋণ ও অগ্রিমের আসল ও সুদ পরিশোধ ইত্যাদি স্বয়ংক্রিয়ভাবে কর্মকর্তার সাব লেজারে প্রতিফলিত হবে। এ কারণে হিসাবরক্ষণ অফিসে সংরক্ষিত এ সংক্রান্ত রেকর্ড থেকে তথ্যগুলো আইবাস++ এ এন্ট্রি করার ব্যবস্থা গ্রহণ করার নিমিত্ত উক্ত রেজিস্টারসমূহ হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(আবদুর রহমান)

উপ- হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)  
ফোনঃ ৯৩৪৯৮৪৪

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/সভা-সেমিনার/৪০৩/১০৭৮

তারিখঃ ০৫/০৯/২০১৬ খ্রিঃ।

অবগতি ও কার্যার্থে বিতরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। কর্মসূচি পরিচালক, PEMS কর্মসূচি, ইউসেফ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা।

[দু: আ: অতি. কর্মসূচি পরিচালক (iBAS++ ও একাউন্টস)]

০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

০৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)

উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়কে অবগতির অনুরোধসহ।

০৪। জেলা হিসাবরক্ষণ অফিস (সকল)।


০৫। উপজেলা হিসাবরক্ষণ অফিস (সকল)।

০৬। অতিরিক্ত সিজিএ (প্রশাসন/হিসাব ও পদ্ধতি)।

০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ অফিস।

০৮। ডিসিজিএ (প্রশাসন/হিসাব), সিজিএ অফিস।

০৭। পিএস টু সিজিএ।

  
(রাবেয়া সুলতানা)

অডিট এন্ড একাউন্টস অফিসার  
ফোনঃ ৯৩৫৬৫০২